গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রশাসকের কার্যালয়
উপজেলা পরিষদ
চর রাজিবপুর, কুড়িগ্রাম।
www.charrajibpur.kurigram.gov.bd

## বিষয় ঃ উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম-এর জুন'২০২৬ খ্রিঃ মাসের সাধারণ সভার কার্যবিবরণী।

**সভাপতি** ঃ জনাব এ.এফ.এম. শামীম
প্রশাসক (অঃদাঃ), উপজেলা পরিষদ
চর রাজিবপুর, কুড়িগ্রাম।

**সভার তারিখ** ঃ ১১ জুন'২০২৬ খ্রিস্টাব্দ

**সভার সময়** ঃ সকাল ১১.০০ ঘটিকা

**সভার স্থান** ঃ উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম-এর সভা কক্ষ।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যের তালিকা হাজিরা খাতায় সংরক্ষিত।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতি উপজেলা প্রকৌশলী-কে সভার আলোচ্যসূচি মোতাবেক আলোচনা করার জন্য অনুরোধ করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে দপ্তর ভিত্তিক আলোচনা শুরু করা হয়।

আলোচ্য সূচী ঃ ১। গত মে'২০২৬ খ্রিঃ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২। বিভিন্ন দপ্তরের বিভাগীয় কার্যক্রম প্রসঙ্গে আলোচনা।
৩। বিবিধ

**আলোচনা ও সিদ্ধান্ত** ঃ কোন সংশোধনী/আপত্তি না থাকায় মে'২০২৬ খ্রিঃ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | **স্বাস্থ্য বিভাগ** | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা'র প্রতিনিধি, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, চিকিৎসাসহ অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান যে, হাসপাতাল প্রাঙ্গনে আগাছা ও ঘাস কাটার লক্ষ্যে স্থায়ী পদ্ধতি পরিচালনার জন্য উপজেলা পরিষদের খাত হতে বরাদ্দ প্রদানের অনুরোধ জানান। | চিকিৎসাসহ অন্যান্য কার্যক্রম বিধি মোতাবেক সম্পন্ন করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম |
| ০২ | **পরিবার পরিকল্পনা বিভাগ** | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, চিকিৎসাসহ অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান যে, আগামী জুলাই/২৬ মাসে UNNFPA ফান্ডের একটি প্রজেক্টের তত্ত্বাবধানে ৫টি মাধ্যমিক পর্যায়ের বিদ্যালয়ে ৫টি স্বাস্থ্য সম্পর্কিত সেশন অনুষ্ঠিত হবে। নয়াচর বাজার বালিকা উচ্চ বিদ্যালয়ের একটি রুম অস্থায়ী ভাবে মোহনগঞ্জ স্বাস্থ্য কেন্দ্র হিসাবে পরিচালনার লক্ষ্যে বরাদ্দ দেয়ার অনুরোধ জানান। | ০১। চিকিৎসাসহ অন্যান্য কার্যক্রম বিধি মোতাবেক সম্পন্ন করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০২। নয়াচর বাজার বালিকা উচ্চ বিদ্যালয়ের একটি রুম ব্যবহারের অনুমতি প্রদানের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকে পত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম |
| ০৩ | **কৃষি বিভাগ** | উপজেলা কৃষি অফিসার'র প্রতিনিধি, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান যে, আধুনিক কৃষি প্রযুক্তি উন্নয়ন বিষয়ক প্রকল্পের মাধ্যমে প্রান্তিক মানুষের উন্নয়নের জন্য কার্যক্রম চলমান রয়েছে। নলেজ শেয়ারিং প্রোগ্রাম সম্পন্ন হয়েছে। চলতি মাসে ফল উৎসব পালিত হবে। | ফসলের রোগবালাই প্রতিরোধে নিয়মিত পরিদর্শন ও কৃষককে পরামর্শ প্রদান এবং অনাবাদি পতিত জমিতে শাক-সবজিসহ অন্যান্য কৃষি ফসল উৎপাদন করার | |

চলমান পাতা-০২

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | পাট, মাল্টা, লেবুর, প্রদর্শনী বিতরণ এছাড়া খাদ্য ও পুষ্টি বিষয়ক সব ধরণের কার্যক্রম চলমান। সভায় আলোচনা শেষে পার্শ্ববর্তী বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম |
| ০৪ | **মৎস্য বিভাগ** | উপজেলা মৎস্য অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান যে, ইউনিয়ন পর্যায়ে মৎস্যচাষ প্রযুক্তিসেবা সম্প্রসারণ প্রকল্প (৩য়) পর্যায় এর অধীনে গৃহস্থলি কাজে ব্যবহৃত ১টি পুকুরে প্রদর্শনীর জন্য উপকরণ বিতরণ করা হয়েছে। ২০২৫-২৬ অর্থ বছরে দুটি বিল নার্সারী কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করতঃ মৎস্য চাষ বাড়ানোর জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম |
| ০৫ | **প্রাণিসম্পদ বিভাগ** | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, চিকিৎসাসহ অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান যে, ২০২৫-২৬ অর্থ বছরে এডিপি'র আওতায় ভেটেরিনারি হাসপাতালে ঔষধ সরবরাহ কার্যক্রম সম্পন্ন হয়েছে। পবিত্র ঈদ-উল আযহা উপলক্ষে প্রাণিসম্পদ অফিস কর্তৃক পরিচালিত ভেটেরিনারি মেডিকেল টিম সুষ্ঠুভাবে দায়িত্ব পালন করেছে। এলএসডি ও ক্ষুরারোগের টিকা কার্যক্রম চলমান রয়েছে। এডিপি খাতের আওতায় এআই সেডের ছাউনি কার্যক্রম সম্পন্ন হয়েছে। এছাড়াও খামারিদের পরামর্শ প্রদানের কার্যক্রম চলমান রয়েছে। সভায় বিস্তারিত আলোচনা শেষে পার্শ্ববর্তী বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করতঃ স্বাস্থ্য সম্মত মাংস ও দুগ্ধ উৎপাদন খামার নিয়মিত পরিদর্শন করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম |
| ০৬ | **দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ** | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান যে, ২০২৫-২৬ অর্থ বছরের কাবিটা,কাবিখা, টিআর কাজ চলমান। ০৩(তিন) টি ব্রীজের কাজ সমাপ্ত । বন্যা আশ্রয়কেন্দ্রের ০১টি কাজ চলমান। এইচবিবি রাস্তার ১.০০ কিলোমিটার নির্মাণ কাজ চলমান রয়েছে। দুর্যোগ মোকাবিলায় পূর্ব প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে টিআর/কাবিখার কাজ ১০০% সমাপান্তে বিল প্রদানের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম |
| ০৭ | **সমাজসেবা বিভাগ** | উপজেলা সমাজসেবা অফিসারের প্রতিনিধি, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | সকল ভাতার তালিকা বিধি মোতাবেক উপজেলা কমিটি কর্তৃক যাচাই-বাছাই করে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম |
| ০৮ | **প্রাথমিক শিক্ষা বিভাগ** | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান যে, ২০২৫-২৬ অর্থ বছরে ৮টি সরকারি প্রাথমিক বিদ্যালয় মেরামত ও সংস্কার কাজ বাবদ প্রতিটি বিদ্যালয়ে ১,৫০,০০০/- পাওয়া গেছে। সভাপতি কর্তৃক প্রাক্কলন অনুযায়ী বিধি মোতাবেক কাজসমূহ বাস্তবায়নের জন্য অনুরোধ করা হয়। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করতঃ মানসম্মত শিক্ষা ব্যবস্থা চালু করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম |
| ০৯ | **মহিলা বিষয়ক অধিদপ্তর** | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার প্রতিনিধি, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান যে, ভিডব্লিউবি (VWB) কর্মসূচির চাল বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করতঃ মা ও শিশু সহায়তা খাতে গর্ভবতী নারীদের তালিকা প্রণয়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম |

চলমান পাতা-০৩

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১০ | **যুব উন্নয়ন বিভাগ** | উপজেলা সহকারী যুব উন্নয়ন কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম |
| ১১ | **প্রকৌশল বিভাগ** | উপজেলা প্রকৌশলী, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান ২০২৫-২৬ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসুচির "উপজেলা উন্নয়ন সহায়তা" এর আওতায় স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখার ০১/০৬/২০২৬ তারিখের ৪৬.০০.০০০০.০৪৫.২০.০৩৭৭.২৬-৯৭২ নং স্মারকের বরাদ্দ পত্র মোতাবেক ২৮ কুড়িগ্রাম-৪ আসনের মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়ের অভিপ্রায় অনুযায়ী ০৭/০৬/২০২৬ তারিখের ডিও পত্র নংঃ ২৮ কুড়িগ্রাম-৪/৭৮/২০২৬ নং পত্র অনুযায়ী বরাদ্দকৃত অর্থে নিম্ন বর্ণিত প্রকল্প বাস্তবায়ন করা যেতে পারে।<br>**প্রকল্পের নাম ঃ**<br>০১। মোহনগঞ্জ ইউনিয়নের ০৪নং ওয়ার্ড চরনেওয়াজী পশ্চিম পাড়া জামে মসজিদ হতে উত্তর দিকে রাস্তা হেরিং বন্ড দ্বারা উন্নয়ন করন-১০,০০,০০০/- (দশলক্ষ) টাকা।<br>০২। রাজিবপুর সদর ইউনিয়নের ০৫ নং ওয়ার্ড বটতলা কারিগর পাড়া আবু শামার বাড়ি হতে উত্তর দিকে রাস্তা সিসি ঢালাই দ্বারা উন্নয়ন করণ-৫,০০,০০০/- (পাঁচলক্ষ) টাকা।<br>০৩। রাজিবপুর সদর ইউনিয়নের ০৫নং ওয়ার্ড চর রাজিবপুর প্রাইমারী স্কুল সংলগ্ন ডিসি রাস্তা হতে পশ্চিম দিকে রাস্তা সিসি ঢালাই দ্বারা উন্নয়নকরণ-৫,০০,০০০/- (পাঁচলক্ষ) টাকা।<br>০৪। কোদালকাটি ইউনিয়নের ০৬নং ওয়ার্ড পাখিউড়া দুলালমোড় হতে পশ্চিম দিকে রাস্তা হেরিং বন্ড দ্বারা উন্নয়ন করণ-৫,০০,০০০/- (পাঁচলক্ষ) টাকা।<br>০৫। রাজিবপুর সদর ইউনিয়নের ০৫নং ওয়ার্ড সরকার পাড়া জামে মসজিদ উন্নয়নকরণ কাজ-১,২৩,০০০/- (একলক্ষ তেইশ হাজার) টাকা।<br>এছাড়াও ২০২৫-২৬ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসুচির "উপজেলা উন্নয়ন সহায়তা" এর আওতায় স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখার ০২/০৬/২০২৬ তারিখের ৪৬.০০.০০০০.০০০.০৪৫.২০.০৩৭৬.২৬-১০৮২ নং স্মারকের বরাদ্দ পত্র মোতাবেক ২৮ কুড়িগ্রাম-৪ আসনের মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়ের অভিপ্রায় অনুযায়ী ০৮/০৬/২০২৬ তারিখের ডিও পত্র নংঃ ২৮ কুড়িগ্রাম-৪/৮২/২০২৬ নং পত্র অনুযায়ী বরাদ্দকৃত অর্থে নিম্ন বর্ণিত প্রকল্প বাস্তবায়ন করা যেতে পারে।<br>**প্রকল্পের নাম ঃ**<br>০১। রাজিবপুর সদর ইউনিয়নে নৌকাঘাট আশ্রয় কেন্দ্রের পার্শ্বে গাইড ওয়াল নির্মাণ-১,৫০,০০০/- (একলক্ষ পঞ্চাশ হাজার) টাকা। | ০১। ২০২৫-২৬ অর্থ বছরে সময় স্বল্পতা হেতু বার্ষিক উন্নয়ন কর্মসুচির "উপজেলা উন্নয়ন সহায়তা" এর আওতায় বরাদ্দকৃত অর্থের ২৮ কুড়িগ্রাম-৪ আসনের মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়ের অভিপ্রায় অনুযায়ী বর্ণিত প্রকল্পসমূহের কাজ কোটেশনের (RFQ) মাধ্যমে বাস্তাবায়ন করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০২। ২০২৫-২৬ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসুচি (এডিপি) প্রকল্প সংশোধিত কাজ বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম।<br>০২। উপজেলা প্রকৌশলী, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |

চলমান পাতা-০৪

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | ০২। চর রাজিবপুর উপজেলার রাজিবপুর প্রেসক্লাব কার্যালয়ের গাইড ওয়াল নির্মাণ-২,৭০,০০০/- (দুইলক্ষ সত্তর হাজার) টাকা।<br>এ প্রসঙ্গে সভায় আলোচনা হয় যে, অদ্যাবধি রাজিবপুর প্রেসক্লাবের জন্য চিহ্নিত জায়গাটি সরকারি খাস খতিয়ানভূক্ত হওয়ায় এবং রাজিবপুর প্রেসক্লাবের অনুকূলে সরকারিভাবে বন্দোবস্ত প্রদান না হওয়ায় এবং বর্ণিত অংশের পার্শ্ববর্তী রাস্তার ভাঙ্গন প্রতিরোধে গাইডওয়াল নির্মান ও মাটি ভরাটের আবশ্যকতা থাকায় প্রকল্পের নাম পরিবর্তন করা যেতে পারে ঃ ৪নং ওয়ার্ডের শিশু পার্ক সংলগ্ন রাস্তার পার্শ্বে গাইডওয়াল ও মাটি ভরাট।<br>০৩। চরাঞ্চলের অসহায় অসুস্থ্য রোগিদের সেবার জন্য নৌ অ্যাম্বুলেন্স ক্রয়-২,৮০,০০০/- (দুইলক্ষ আশি হাজার) টাকা।<br>উক্ত প্রকল্পের বিষয়ে নৌ অ্যাম্বুলেন্সটি কিভাবে পরিচালনা করা হবে সে বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে নৌ অ্যাম্বুলেন্সটি উপজেলা পরিষদের তত্ত্বাবধানে মোহনগঞ্জ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের মাধ্যমে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২০২৫-২৬ অর্থ বছরে সময় স্বল্পতার কারণে উক্ত বরাদ্দকৃত টাকার প্রকল্পের কাজ সভার সিদ্ধান্ত মোতাবেক কোটেশন/পিআইসি কমিটির মাধ্যমে বাস্তবায়ন করা যেতে পারে মর্মে উপজেলা প্রকৌশলী সভাকে অবহিত করেন।<br>উপজেলা প্রকৌশলী, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় আরও জানান যে, ২০২৫-২৬ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসুচির (এডিপি) অনুমোদিত কিছু প্রকল্প কাজ বাস্তবায়নে জটিলতা থাকায় প্রকল্পসমূহ সংশোধন হওয়া প্রয়োজন। সভার অনুমোদন সাপেক্ষে নিম্নবর্ণিত সংশোধিতপ্রকল্পসমূহ বাস্তবায়ন করা যেতে পারে।<br><u>প্রকল্প ঃ</u><br>০১। রাজিবপুর ইউনিয়নের ০৬নং ওয়ার্ডে শিবেরডাঙ্গী (জালছিরা) - শিবেরডাঙ্গী বাজার সড়কে গাইড ওয়াল নির্মাণ কাজের পরিবর্তে মিনি স্টেডিয়ামের পূর্বপার্শ্বে স্লোপড্রেন নির্মাণ।<br>০২। শিবেরডাঙ্গী উচ্চ বিদ্যালয়ে সোলার স্ট্রীট লাইট ও আসবাবপত্র সরবরাহকরণ এর পরিবর্তে শুধুমাত্র আসবাবপত্র সরবরাহকরণ।<br>০৩। রাজিবপুর ইউনিয়নের ০৭নং ওয়ার্ডে টাঙ্গালিয়া পাড়া সরদার মার্কেটের নিকট গাইড ওয়াল নির্মাণ কাজের পরিবর্তে স্লোপড্রেন নির্মাণ।<br>০৪। মোহনগঞ্জ ইউনিয়নের ০৭নং ওয়ার্ডের কলকিহারা খালের উপর কাঠের সাঁকোর দুই পাশে গাইড ওয়াল ও সোলার লাইট সরবরাহ কাজের এর পরিবর্তে সোলার স্ট্রীট লাইট স্থাপন করণ।<br>০৫। মোহনগঞ্জ ইউনিয়নের ০৭নং ওয়ার্ডের সিলেটপাড়া কাঠের ব্রীজ মেরামত করণ কাজটি সাম্প্রতিক বর্ষনের কারণে বাতিল করা প্রয়োজন। | | |

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১২ | **জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ** | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, চর রাজিবপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান যে, ২০২৫-২৬ অর্থবছরে এখন পর্যন্ত কোনো বরাদ্দ পাওয়া যায়নি। গত অর্থ বছরের সমগ্রদেশে পানি সরবরাহ প্রকল্পের কাজ সমাপ্ত হয়েছে। এছাড়াও অত্র উপজেলায় মানব সম্পদ উন্নয়ন প্রকল্পের আওতায় টাঙ্গালিয়া পাড়ায় পানি শোধনাগার নির্মাণ কাজ চলমান রয়েছে। রাস্তাটি ক্ষতিগ্রস্থ হওয়ায় নির্মাণ কাজের মালামাল সরবরাহ করায় সমস্যা হচ্ছে। | ১। বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। টাঙ্গালিয়া পাড়ার রাস্তাটি সংস্কারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, চর রাজিবপুর, কুড়িগ্রাম |
| ১৩ | **সমবায় বিভাগ** | উপজেলা সমবায় কর্মকর্তা'র প্রতিনিধি, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান একজন উপজেলা সমবায় কর্মকর্তা পদায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের মাধ্যমে উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেন।<br>এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার সভাকে জানান যে, অত্র উপজেলার শুন্য পদসমূহ পুরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেলা প্রশাসক মহোদয় এবং স্থানীয় সংসদ সদস্য মহোদয়কে পত্র প্রদান করা যেতে পারে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকতা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১৪ | **পল্লী উন্নয়ন বিভাগ** | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান অত্র দপ্তরের ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম চলমান রয়েছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম |
| ১৫ | **পরিবেশ ও বন বিভাগ** | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় উপস্থিত না থাকায় উপজেলা পরিবেশ ও বন বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | ফরেস্টার, উপজেলা সামাজিক বনায়ন নার্সারী, চর রাজিবপুর, কুড়িগ্রাম-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। এ বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | ফরেস্টার, উপজেলা সামাজিক বনায়ন নার্সারী, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১৬ | **মাধ্যমিক শিক্ষা বিভাগ** | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার'র প্রতিনিধি, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান ২০২৬ সালে অনুষ্ঠিত এসএসসি, দাখিল ও ভোকেশনাল পরীক্ষা সুষ্ঠুভাবে নকলমুক্ত পরিবেশে সম্পন্ন হয়েছে। ঈদ পরবর্তী ০৭ জুন/২৬ হতে বিদ্যালয় পাঠদান কার্যক্রম শুরু। Startup, Science Project and Innovation Idea Showcaring Program আগামী ১২ জুন/২০২৬ তারিখ রোজ শুক্রবার সকাল ৯.০০ ঘটিকায় উপজেলা হলরুমে অনুষ্ঠিত হবে। আসন্ন এইচএসসি, আলিম-২০২৬ পরীক্ষা উপলক্ষে পরীক্ষা কেন্দ্রে সিসি ক্যামেরা স্থাপন করা জরুরী মর্মে জানান। | ০১। বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০২। এইচএসসি, আলিম-২০২৬ পরীক্ষা কেন্দ্রসমূহে জাতীয় সংসদ নির্বাচন-২০২৬ এর সময় উপজেলা উন্নয়ন তহবিল হতে ক্রয়কৃত সিসি ক্যামেরাসমূহ বর্তমানে অব্যবহৃত অবস্থায় থাকায় সেগুলো পরীক্ষা কেন্দ্রে ব্যবহারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম<br>০২। উপজেলা প্রকৌশলী, চর রাজিবপুর, কুড়িগ্রাম |
| ১৭ | **উপজেলা পরিষদের রাজস্ব তহবিল** | উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা'২০২০ মোতাবেক ২০২৫-২৬ অর্থ বছরে জুন'২০২৬ খ্রিঃ মাসে নিম্নবর্ণিতভাবে খাত ভিত্তিক ও উপখাতে ব্যয় করা প্রয়োজন মর্মে সভায় উপস্থিত উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক (অঃদাঃ) উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম মতামত ব্যক্ত করেন। খাত ভিত্তিক ও উপখাতে ব্যয় সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। | ২০২৫-২৬ অর্থ বছরে জুন'২০২৬ খ্রিঃ মাসে বর্ণিত খাত ভিত্তিক ও উপখাতে উল্লেখিত টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয় করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম |

চলমান পাতা-০৬

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | ০১। ২০২৫-২৬ অর্থ বছরে জানুয়ারি/২০২৬ হতে মে/২০২৬ পর্যন্ত উপজেলা পরিষদের মিটার নং ২৮৮০৯৬২২ (মেইন মিটার) এর বিদ্যুৎ ব্যয় বিল পরিশোধ বাবদ =১,২৪,৭৮১/- (একলক্ষ চব্বিশ হাজার সাতশত একাশি) টাকা।<br>০২। ২০২৫-২৬ অর্থ বছরে জানুয়ারি/২০২৬ হতে মে/২০২৬ পর্যন্ত উপজেলা পরিষদের মিটার নং ২৯৬৭১৪ (নতুন ভবনের সাব-মিটার) এর বিদ্যুৎ ব্যয় বিল পরিশোধ বাবদ =২,০৯৫/- (দুই হাজার পঁচানব্বই) টাকা।<br>০৩। ২০২৫-২৬ অর্থ বছরে নভেম্বর/২০২৪ হতে মে/২০২৬ পর্যন্ত উপজেলা পরিষদের মিটার নং ২৪০৩২১৫৭৪শল. (পানির পাম্প) এর বিদ্যুৎ ব্যয় বকেয়া বিল পরিশোধ বাবদ =৮,৫৩৬/- (আট হাজার পাঁচশত ছত্রিশ) টাকা।<br>০৪। জুন'২০২৬ খ্রিঃ মাসের আপ্যায়ন বাবদ ব্যয় =৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা।<br>০৫। জুন'২০২৬খ্রিঃ মাসের অফিস আনুষঙ্গিক (অপসেট পেপার, ফাইলবোর্ড, টিস্যু বক্স, ভিক্সল, এ্যারোসল, হারপিক, কলম ইত্যাদি) বাবদ ব্যয় =৫,০০০/- (পাঁচ হাজার) টাকা।<br>০৬। জুন'২০২৬ খ্রিঃ মাসের অভ্যন্তরীণ যোগাযোগ বৃদ্ধি, বার্তা ও উপাত্তের আদান প্রদানে ইন্টারনেট ব্যবহার বাবদ ব্যয় =১৫,০০০/-(পনের হাজার) টাকা।<br>০৭। জুন'২০২৬ খ্রিঃ মাসের পত্রিকা ব্যয় =১,৩১৮/- (একহাজার তিনশত আঠারো) টাকা।<br>০৮। জুন'২০২৬ খ্রিঃ মাসের জরুরী প্রয়োজনে আর্থিক সহায়তা বাবদ =১৯,৭০০/- (উনিশ হাজার সাতশত) টাকা।<br>০৯। ২০২৫-২৬ অর্থ বছরে সোলার প্যানেল রক্ষণাবেক্ষন/ মেরামত বাবদ ব্যয় =১০,০০০/- (দশ হাজার) টাকা।<br>১০। জুন'২০২৬ খ্রিঃ মাসের বর্জ্য ব্যবস্থাপনা বাবদ ব্যয় =১০,২০০/- (দশ হাজার দুইশত) টাকা।<br>১১। ২০২৫-২৬ অর্থ বছরে মশক নিধন বাবদ ব্যয় =১০,০০০/- (দশ হাজার) টাকা।<br>১২। ২০২৫-২৬ অর্থ বছরে উপজেলা পরিষদের কর্মচারীদের জুন'২০২৬ খ্রিঃ মাসের মূল বেতনের ১০% এর সমপরিমাণ টাকা প্রদেয় ভবিষ্য তহবিল (সিপিএফ) হিসাবে প্রদান বাবদ =৬,১৩২/- (ছয় হাজার একশত বত্রিশ) টাকা।<br>১৩। জুন'২০২৬ খ্রিঃ মাসে ০১ (এক) জন মালি'র দৈনিক মজুরী (৭০০×২৬ দিন) =১৮,২০০/- (আঠারো হাজার দুইশত) টাকা।<br>১৪। জুন'২০২৬ খ্রিঃ মাসের ০১ (এক) জন সুইপার'র দৈনিক দৈনিক মজুরী (৭০০×২৬ দিন) =১৮,২০০/- (আঠারো হাজার দুইশত) টাকা।<br>১৫। জুন'২০২৬ খ্রিঃ মাসের উপজেলা পরিষদ চত্ত্বরে সার্বিক নিরাপত্তার জন্য নিয়োজিত আনসার-এর বেতন =৮,২৫০/- (আট হাজার দুইশত পঞ্চাশ) টাকা। | | |

চলমান পাতা-০৭

UZP Rajib Regulation

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮ | বিবিধ | | | |
| ১৮(১) | **রাজিবপুর ইউনিয়ন পরিষদ** | চেয়ারম্যান, রাজিবপুর ইউপি, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান রাজিবপুর ইউনিয়নের বিভিন্ন রাস্তায় বসতবাড়ীর পার্শ্বে ঝুকিপূর্ণ ও মরা গাছ জরুরী অপসারণ করা প্রয়োজন। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে ভিজিএফ বিতরণ কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, রাজিবপুর ইউপি, চর রাজিবপুর, কুড়িগ্রাম |
| ১৮(২) | **কোদালকাটি ইউনিয়ন পরিষদ** | প্যানেল চেয়ারম্যান, কোদালকাটি ইউপি, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, কোদালকাটি ইউপি, চর রাজিবপুর, কুড়িগ্রাম |
| ১৮(৩) | **মোহনগঞ্জ ইউনিয়ন পরিষদ** | প্যানেল চেয়ারম্যান, মোহনগঞ্জ ইউপি, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় উপস্থিত না থাকায় মোহনগঞ্জ ইউনিয়ন পরিষদের দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | প্যানেল চেয়ারম্যান, মোহনগঞ্জ ইউপি, চর রাজিবপুর, কুড়িগ্রামকে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | প্যানেল চেয়ারম্যান, মোহনগঞ্জ ইউপি, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১৮(৪) | **উপজেলা খাদ্য অধিদপ্তর** | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় চর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান অত্র উপজেলায় ২১২.০০০ মে.টন ধান, ৩৭৯.০০০ মে.টন সিদ্ধচাল ও ৭৬.০০০ মে.টন আতব চাল সংগ্রহের বরাদ্দ পাওয়া গেছে। যা সংগ্রহ চলমান আছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, চর রাজিবপুর, কুড়িগ্রাম |
| ১৮(৫) | **উপজেলা প্রাইমারী এডুকেশন ট্রেনিং সেন্টার** | ইন্সট্রাক্টর, উপজেলা প্রাইমারী এডুকেশন ট্রেনিং সেন্টার, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় উপস্থিত না থাকায় উপজেলা প্রাইমারী এডুকেশন ট্রেনিং সেন্টারের কার্যক্রম সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | ইন্সট্রাক্টর, উপজেলা প্রাইমারী এডুকেশন ট্রেনিং সেন্টার, চর রাজিবপুর, কুড়িগ্রামকে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | ইন্সট্রাক্টর, উপজেলা প্রাইমারী এডুকেশন ট্রেনিং সেন্টার, চর রাজিবপুর, কুড়িগ্রাম |
| ১৮(৬) | **নির্বাচন বিভাগ** | উপজেলা নির্বাচন কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাচন কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১৮(৭) | **সাব-রেজিস্ট্রার বিভাগ** | উপজেলা সাব-রেজিস্ট্রার, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সাব-রেজিস্ট্রার, চর রাজিবপুর, কুড়িগ্রাম |
| ১৮(৮) | **হিসাবরক্ষণ বিভাগ** | উপজেলা হিসাবরক্ষণ অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় উপস্থিত না থাকায় উপজেলা হিসাবরক্ষণ বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা হিসাবরক্ষণ অফিসার, চর রাজিবপুর-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা হিসাবরক্ষণ অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১৮(৯) | **তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (আইসিটি)** | সহকারী প্রোগ্রামার, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় উপস্থিত না থাকায় উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | সহকারী প্রোগ্রামার, চর রাজিবপুর, কুড়িগ্রাম-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | সহকারী প্রোগ্রামার, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১৮(১০) | **আনসার ও ভিডিপি দপ্তর** | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১৮(১১) | **পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ** | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় উপজেলা পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |

চলমান পাতা-০৮

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১৮(১২) | **পল্লী সঞ্চয় ব্যাংক** (আমার বাড়ি আমার খামার) | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম চলমান। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১৮(১৩) | **দারিদ্র বিমোচন বিভাগ** | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম চলমান। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকতা, চর রাজিবপুর, কুড়িগ্রাম-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকতা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১৮(১৪) | **তথ্য আপাঃ (২য় পর্যায়)** | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপাঃ, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় উপস্থিত না থাাকায় উপজেলা তথ্যসেবা অফিসের কার্যক্রম সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা ঃ (২য় পর্যায়), চর রাজিবপুর-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা ঃ (২য় পর্যায়), চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১৮(১৫) | **পল্লী বিদ্যুৎ সমিতি বিভাগ** | ডেপুটি জেনারেল ম্যানেজার, রৌমারী জোনাল অফিস, জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি সভায় উপস্থিত না থাকায় পল্লী বিদ্যুতের কার্যক্রম সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | ডেপুটি জেনারেল ম্যানেজার, রৌমারী জোনাল অফিস, জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | ডেপুটি জেনারেল ম্যানেজার, রৌমারী জোনাল অফিস, জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি |

১৮(১৬) উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক (অঃদাঃ), উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম সভায় জানান যে, উপজেলা পরিষদের রাজস্ব আয়ের স্বার্থে গত সভার সিদ্ধান্ত মোতাবেক হেলিপ্যাড সংলগ্ন দক্ষিণ পার্শ্বের পুকুরটি ১৪৩৩ বঙ্গাব্দের অবশিষ্ট সময় হতে ৩০ চৈত্র ১৪৩৫ বঙ্গাব্দ পর্যন্ত ০৩(তিন) সনা মেয়াদে ইজারা বন্দোবস্ত প্রদানের জন্য গত ৮ জুন'২০২৬ তারিখ উন্মুক্ত নিলাম ডাক দেয়া হয়। উপজেলা পরিষদের হেলিপ্যাড সংলগ্ন দক্ষিণ পার্শ্বের পুকুরটির প্রস্তাবিত মূল্য =৫৬,৪৫৮/- (ছাপ্পান্ন হাজার চারশত আটান্ন) টাকা নির্ধারণ করা হয় । উন্মুক্ত নিলাম ডাক পর্যালোচনায় দেখা যায় যে, জনাব মোঃ হাবিবুল্লাহ, পিতা-মোঃ হেকমত আলী, গ্রাম: করাতি পাড়া, ডাকঘর : রাজিবপুর, উপজেলা : চর রাজিবপুর, জেলা : কুড়িগ্রাম কর্তৃক ডাককৃত সর্বোচ্চ ডাক = ৫৬,৫০০/- (ছাপ্পান্ন হাজার পাঁচশত) টাকা এবং তা প্রস্তাবিত মূল্যের চেয়ে বেশি । এ পুকুরের ডাক পর্যালোচনা করে সর্বোচ্চ ডাকটি ইজারা ব্যবস্থাপনা কমিটি কর্তৃক গৃহীত হয় এবং ১ম সর্বোচ্চ ডাককারী জনাব মোঃ হাবিবুল্লাহ-এর অনুকূলে উপজেলা পরিষদের হেলিপ্যাড সংলগ্ন দক্ষিণ পার্শ্বের পকুরটি ১৪৩৩ বঙ্গাব্দের অবশিষ্ট সময় হতে ৩০ চৈত্র ১৪৩৫ বঙ্গাব্দ পর্যন্ত ০৩(তিন) সনা মেয়াদে ইজারা প্রদানের জন্য সুপারিশ করা হয়। উক্ত পুকুরটি সভার সিদ্ধান্ত মোতাবেক বর্ণিত মেয়াদে ইজারা প্রদান করা যেতে পারে। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ উপজেলা পরিষদের হেলিপ্যাড সংলগ্ন দক্ষিণ পার্শ্বের পুকুরটি সর্বোচ্চ ডাককারীর অনুকুলে ১৪৩৩ বঙ্গাব্দের অবশিষ্ট সময় হতে ৩০ চৈত্র ১৪৩৫ বঙ্গাব্দ পর্যন্ত ০৩(তিন) সনা মেয়াদে ইজারা প্রদানের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

১৮(১৭) উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক (অঃদাঃ), উপজেলা পরিষদ, চর রাজিবপুর সভায় জানান যে, ২০২৬-২৭ অর্থ বছরের বাজেট সভার মাধ্যমে উপজেলা পরিষদের বাজেট প্রস্তুত করা হয়েছে। উক্ত ২০২৬-২৭ অর্থ বছরের বাজেট সভায় পাঠ করে শুনান। সভার অনুমোদন সাপেক্ষে ২০২৬-২৭ অর্থ বছরের উপজেলা পরিষদের বাজেট স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা যেতে পারে। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্ন বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত** ঃ ০১। ২০২৬-২৭ অর্থ বছরের উপজেলা পরিষদের বাজেট সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২২/০৬/২৬

(এ.এফ.এম. শামীম)
প্রশাসক (অঃদাঃ)
উপজেলা পরিষদ
চর রাজিবপুর, কুড়িগ্রাম
ফোনঃ ০৫৮২৩-৫৬২২২

চলমান পাতা-০৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
চর রাজিবপুর, কুড়িগ্রাম।
www.charrajibpur.kurigram.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৪৯০৮.০০০.০৩.০৫৯.২৬-৬২৩ তারিখ ঃ ২৮ জ্যৈষ্ঠ ১৪৩৩ বঙ্গাব্দ / ১১ জুন ২০২৬ খ্রিষ্টাব্দ

**অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হ'ল ঃ**

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য ২৮, কুড়িগ্রাম-৪।
০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৪। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
০৫। উপজেলা ..........................................কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। তাঁকে সভার সিদ্ধান্ত অনুযায়ী তাঁর জন্য প্রযোজ্য অংশটুকুর বাস্তবায়ন প্রতিবেদন আগামী সভার পূর্বে প্রেরণ করার অনুরোধ করা হলো।
০৬। ........................................................................................... কুড়িগ্রাম।
০৭। সহকারী প্রোগ্রামার, চর রাজিবপুর, কুড়িগ্রাম (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৮। চেয়ারম্যান, রাজিবপুর/কোদালকাটি/মোহনগঞ্জ, ইউনিয়ন পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
০৯। অফিস কপি।

১১|০৬|২০২৬

(এ.এফ.এম. শামীম)
উপজেলা নির্বাহী অফিসার
চর রাজিবপুর, কুড়িগ্রাম
মোবাইল ঃ ০১৭০৯-৯৭৪৫০৮
ই-মেইল ঃ unorajibpur@mopa.gov.bd